

দুই মাস পরে প্রথম বর্ষ পরীক্ষা নিয়ে চিন্তা


# এনসিটিবির গাফিলতি, পাঁচ মাসেও সিলেবাস পায়নি একাদশের ১১ লাখ শিক্ষার্থী

ইন্ডেফাক রিপোর্ট

প্রকাশ : ২৬ নভেম্বর ২০২৫, ০২:২১



পাঁচ মাস আগে ক্লাস শুরু হলেও এখনো সিলেবাস পায়নি একাদশ শ্রেণির ১১ লাখের বেশি শিক্ষার্থী। এতে ক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকরা। তারা বলেন, দুই মাস প্রথম বর্ষ পরীক্ষা। অথচ এখনো সিলেবাস প্রকাশ করা হয়নি। জানা গেছে, নিয়ম অনুযায়ী, একাদশ-দ্বাদশ শ্রেণির ক্লাস শুরুর এক থেকে দুই সপ্তাহের মধ্যে বাংলা ১ম পত্রের সিলেবাসের প্রজ্ঞাপন জারি করে থাকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। পাঠ্যবইয়ে ১৮টি গদ্য ও ১৮টি পদ্য থাকে। এরমধ্যে ১২টি গদ্য ও ১২টি পদ্য নির্বাচিত করে সিলেবাস প্রকাশ করার কথা। কিন্তু এনসিটিবি সিলেবাস প্রকাশের ক্ষেত্রে চরম গাফিলতির পরিচয় দিয়েছে।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

এ ব্যাপারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সচিব প্রফেসর মো. সাহতাব উদ্দিন ইত্তেফাককে বলেন, 'একাদশ শ্রেণির সিলেবাস চূড়ান্ত হয়েছে ১৫ দিন আগেই। সংশ্লিষ্ট বিভাগ এখনো কেন তা ওয়েবসাইটে প্রকাশ করেনি, বিষয়টি তিনি খতিয়ে দেখবেন।' এদিকে এনসিটিবির একজন কর্মকর্তা বলেন, সংস্থাটির এক শ্রেণির কর্মকর্তা অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত। অনৈতিক এসব কাজে তারা বেশি ব্যস্ত থাকেন বলেই সিলেবাস প্রকাশে বিলম্ব হচ্ছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অর্ডিন্যান্স, ১৯৮৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী-এনসিটিবির ৯ সদস্যের একটি বোর্ড থাকবে। এ বোর্ডের সভাপতি থাকবেন চেয়ারম্যান। বাকি ৮ সদস্য হলেন-সদস্য (পাঠ্যপুস্তক), সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম), মাদ্রাসা শিক্ষাক্রমের প্রধান, কারিগরি শিক্ষাক্রমের প্রধান, শিক্ষাক্রম প্রশিক্ষণের এক জন, শিক্ষাক্রম গবেষণা, পরিবীক্ষণ ও মূল্যায়নের একজন এবং সদস্য অর্থ বিভাগ।